

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মুসক বিভাগ ]  
বিশেষ আদেশ

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিশেষ আদেশ নং-০৬/মুসক/২০১৭**—যেহেতু, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত এর তৃতীয় তফসিলের মাধ্যমে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহের তালিকা বিধৃত হইয়াছে, যাহা আমদানি ও স্থানীয় উৎপাদন নির্বিশেষে একই হারে প্রযোজ্য; এবং

যেহেতু, স্থানীয় শিল্পের সুরক্ষার স্বার্থে আমদানি ও স্থানীয়ভাবে উৎপাদিত সিগারেট এর মধ্যে প্রযোজ্য শুল্কহার এর ব্যবধান থাকা বাঞ্ছনীয়;

সেহেতু, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নে বিধৃত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) 24.02 এবং উহার সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) 2402.20.00 এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যকে, অতঃপর সিগারেট বলিয়া অভিহিত এর উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সম্পূরক শুল্ক, যে পরিমাণ উহাদের বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণকে উহাদের উপর আরোপণীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল:

টেবিল

শিরনামা সংখ্যা Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
২৪০২	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে):	

(৭১২৯)

মূল্য : টাকা ৪.০০

শিরনামা সংখ্যা Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)	সম্পূরক শুল্ক হার (%)
(১)	(২)	(৩)	(৪)
		(১) (ক) ২৭ টাকা [স্থানীয়ভাবে উৎপাদিত ঐ সকল ব্রান্ডের সিগারেট যাহা গত ৩১.০৫.২০১৭ খ্রি: তারিখে ২৩ টাকায় (১০ শলাকা) বিক্রয় হইত এবং যাহা বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহিরে অন্য কোনো দেশে উক্ত একই ব্রান্ড নামে উৎপাদিত ও বাজারজাত হয় না বা ৩১.০৫.২০১৭ খ্রি: তারিখের পূর্বে উৎপাদিত ও বাজারজাত হইত না]	৫২
		(খ) ৩৫ টাকা [গত ৩১.০৫.২০১৭ খ্রি: তারিখে বা তাহার অব্যবহিত পূর্বে স্থানীয়ভাবে উৎপাদিত ২৩ টাকা মূল্যমানের (১০ শলাকা) এইরূপ ব্রান্ডের সিগারেট যাহা বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহিরে অন্য কোনো দেশে উক্ত একই ব্রান্ড নামে উৎপাদিত ও বাজারজাত হয় বা ৩১.০৫.২০১৭ খ্রি: তারিখের পূর্বে উৎপাদিত ও বাজারজাত হইত।]	৫৫
		(২) ৪৫ টাকা ও তদুর্ধ্ব	৬৩
		(৩) ৭০ টাকা ও তদুর্ধ্ব	৬৫

০২। এই আদেশ বিগত ০১ জুন, ২০১৭ খ্রি: তারিখ হইতে কার্যকর হইবে এবং সরকার কর্তৃক এ বিষয়ে পরবর্তী কোন প্রজ্ঞাপন জারি না করা পর্যন্ত এই বিশেষ আদেশটি বহাল থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান  
চেয়ারম্যান।